ঝিনাইদহে অটিস্টিক শিশুদের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

ঝিনাইদহে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচির আওতায় জেলার অটিস্টিক, প্রতিবন্ধী শিশুদের নিয়ে ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। গত সোমবার বিকালে সদর উপজেলার বাড়ীবাথান বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করে

জেলা ক্রীড়া অফিস। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে জেলার ৬টি উপজেলা থেকে ২২টি অটিস্টিক বিদ্যালয়ের শিক্ষকসহ শতাধিক শিক্ষার্থী। এতে অংশ নিতে পেরে খুশি এলাকাবাসী, অভিভাবক ও শিক্ষকরা।

প্রতিযোগিতার উদ্বোধন করেন সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশীদ। জেলা ক্রীড়া কর্মকর্তা মাহবুবুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল লতিফ সেখ।

এ সময় বিশেষ অতিথি ছিলেন ঝিনাইদহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারি পরিচালক গোলক মজুমদার, বিশিষ্ট জেলা ক্রীড়া সংস্থার সংগঠক জয়নাল আবেদীন, জেলা প্রতিবন্ধী বিদ্যালয় সমিতির সাধারণ সম্পাদক আসাদুর রহমান, বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের সভাপতি মশিয়ার রহমান, প্রধান শিক্ষক গোলাম সরোয়ার।

প্রতিযোগিতার সার্বিক তত্ত্বাবধায়নে ছিলেন খন্দকার আব্দুল হামিদ। এছাড়াও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এসময় বক্তারা বলেন উন্নত দেশ গড়তে প্রতিবন্ধী শিশুদের সমাজের মূল ধারায় ফিরিয়ে আনতে হবে।

তাদের প্রতি আরও যত্নশীল হওয়ার জন্য শিক্ষক ও অভিভাবকদের প্রতি আহ্বান জানান। পরে বিজয়ী অটিস্টিক, প্রতিবন্ধী শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে অরণি থিয়েটারের বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বুদ্ধিজীবী দিবস পালিত

মেহেরপুরে অরণি থিয়েটারের ৫০ টি কর্মসূচির কিছু অংশের মধ্যে আলোক প্রজ্জ্বলন, কবিতা পাঠ ও শহীদ বুদ্ধিজীবী দিবসে শ্রদ্ধাঞ্জলি নিবেদন কর্মসূচি পালিত হয়েছে।

“রক্ত এনেছো বিজয় পতাকা-সমুন্নত রাখবোই” প্রতিপাদ্যকে সামনে রেখে আজ মঙ্গলবার সন্ধ্যার সময় মেহেরপুর সরকারি কলেজ মোরে অবস্থিত শহীদ স্মৃতিসৌধে শহীদ বুদ্ধিজীবী দিবসের শ্রদ্ধাঞ্জলি, আলোক প্রজ্জ্বলন ও কবিতা পাঠ কর্মসূচী পালিত হয়।

অরণি থিয়েটারের আহবায়ক নিশান সাবেরের সভাপতিত্বে উপস্থিত ছিলেন,অরণি থিয়েটারের সদস্য সচিব আতিক স্বপন, সদস্যগণদের মধ্যে সুলতানা রাজিয়া টনি, খাদিজা জান্নাত পরী, তনিমা রহমান, জিয়া,রিপন, রুবেল, আকবর, অনিক, কাইফ সহ প্রমুখ।
এ সময় চমৎকার কবিতা পরিবেশন করেন,নিশান সাবের,খাদিজা জান্নাত পরী ও তনিমা রহমান।

আলমডাঙ্গায় শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে মোমবাতি প্রজ্বালন

১৯৭১ সালের ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে আলমডাঙ্গার বধ্যভূমিতে মোমবাতি প্রজ্বলন কর্মসূচী পালিত হয়েছে। উপজেলা প্রশাসনের উদ্যোগে মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬ টার বধ্যভূমি স্তম্ভে মোমবাতি প্রজ্বলন করে শহীদ বুদ্ধিজীবীদের স্বরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুর, উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, ভাইস চেয়ারম্যান

সালমুন আহমেদ ডন, বীরমুক্তিযোদ্ধা মইনুদ্দিন, আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত ওসি সাইফুল ইসলাম, এসআই সুফল কুমার বিশ্বাস।

বীরমুক্তিযোদ্ধা মইনুদ্দিন বলেন, বিজয় সুনিশ্চিত জেনে পাকিস্তানি হানাদার বাহিনী বাঙালি জাতিকে মেধাশূন্য করার লক্ষ্যে দেশবরেণ্য বুদ্ধিজীবীদের হত্যা করে। বাংলাদেশ যেন কোনোদিনই মাথা তুলে দাঁড়াতে না পারে, এ জন্য এই হত্যাকাণ্ড চালায়।

তিনি আরও বলেন, শহীদ বুদ্ধিজীবীদের রেখে যাওয়া পথেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে বঙ্গবন্ধুর কন্যা, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে।

চুয়াডাঙ্গা শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত।

চুয়াডাঙ্গায় নানা আয়োজনের মধ্য দিয়ে পালিত হয়েছে শহীদ বুদ্ধিজীবী দিবস। সকালে জেলা আওয়ামী লীগের কার্যালয়ে জাতীয় সংগীত পরিবেষণ, পতাকা উত্তোলন, এক মিনিট নীরবতা পালন এবং শহীদ বুদ্ধিজীবীদের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদনের মধ্য দিয়ে চুয়াডাঙ্গায় পালিত হয় দিবসটি।

জেলা আওয়ামী লীগের নেতাকর্মীদের নিয়ে শহীদ বুদ্ধিজীবীদের শ্রদ্ধা নিবেদন করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি ।

এ সময় তিনি বলেন, আমাদের জাতীয় ইতিহাসের শ্রেষ্ঠতম অধ্যায় হলো একাত্তরের মুক্তিযুদ্ধ। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন ইতিহাসের মহানায়ক। বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণের মধ্য দিয়ে বাঙালি জাতি মুক্তিযুদ্ধের জন্য জাগ্রত হয়।

তিনি আরও বলেন, স্বাধীনতা যুদ্ধের শেষ পর্যায়ে এসে পাকিস্তান বাহিনী যখন বুঝতে শুরু করে যে তাদের পক্ষে যুদ্ধে জেতা সম্ভব না,

তখন তারা নবগঠিত দেশকে সাংস্কৃতিক, সামাজিক ও শিক্ষাগত দিক থেকে দূর্বল এবং পঙ্গু করে দেওয়ার জন্য পরিকল্পনা করতে থাকে। সেই পরিকল্পনা অনুযায়ী ১৪ ডিসেম্বর রাতে পাকিস্তানী বাহিনী তাদের দেশীয় দোসর রাজাকার, আলবদর ও আল শামস বাহিনীর সহায়তায় দেশের শ্রেষ্ঠ সন্তানদের নিজ নিজ গৃহ হতে তুলে এনে নির্মম নির্যাতনের পর হত্যা করে।

এসময় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গার পৌরসভার সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আলাউদ্দিন হেলা, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি অনিক জোয়ার্দ্দার সহ চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের বিভিন্ন ইউনিট থেকে আগত নেতৃবৃন্দ।

বিদ্যুতের সট-সার্কিটের আগুনে ঝিনাইদহের একটি বাড়ি ভষ্মিভূত

মঙ্গলবার আনুমানিক ভোর ৪ টার দিকে ঝিনাইদহ সদরের বৈডাঙ্গা গ্রামের পশ্চিম পাড়ার নুর ইসলামের ছেলে রবিউল ইসলামের বাড়ি পুড়ে ছাই হয়ে গেছে।

ধারণা করা হচ্ছে ঘরে থাকা ফ্রিজের বৈদ্যুতিক লাইনের সটসার্কিট থেকে আগুন লাগতে পারে। রবিউল ইসলাম অনেক কষ্ট করে বিভিন্ন জায়গা থেকে ঋণ-ধার করে বিদেশ গেছে। তার স্ত্রী আত্মিয় বাড়িতে বেড়াতে গিয়েছিল এসময় ঐ ঘরে তার ১২বছরের ছেলে ঘুমচ্ছিল।

আগুনের শিখা দেখে সে চিৎকার দিয়ে উঠে, এসময় আশপাশ থেকে দৌড়ে এসে ছেলেটিকে উদ্ধার করে। ছেলেটির তেমন কোন ক্ষয় ক্ষতি হয়নি তবে আগুন নিভাতে নিভাতে সব গুড়ে শেষ হয়ে গেছে।

অনেক কষ্ট করে তিল তিল করে গড়া আসবাবপত্র ও স্বামীর পাঠানো ঋন পরিষোধের জন্য গচ্ছিত দেড় লাখ টাকাও আগুনে পুড়ে গেছে বলে পরিবারের পক্ষ থেকে জানান।
আগুনে পুড়ে পরিবারটি আজ নিঃস্ব, তাদের পাশে দাঁড়ানোর জন্য জেলা

প্রশাসক মহোদয় ও বিত্তবানদের অনুরোধ জানিয়েছেন।

গাংনীতে জমি দখল নিয়ে সংঘর্ষে উভয়পক্ষের ১৫ জন আহত

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামে জমি দখলকে কেন্দ্র করে উভয় পক্ষের সংঘর্ষে কমপক্ষে ১৫ জন আহত হয়েছেন।

মঙ্গলবার সকাল ৮টার দিকে গ্রামের মোল্লাপাড়ায় এই সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। পরে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কুষ্টিয়া মেডিকেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

সংঘর্ষে আহতরা হলেন, তেঁতুলবাড়ীয়া মোল্লাপাড়ার জাহাঙ্গীর হোসেন (৫০), সুমন হোসেন (৩৪), কাফিরুল ইসলাম(৩৫), বুদু হোসেন(৪৬), নাজিম উদ্দিনি(৩৫), সামসুল হক (৫৮), আজিজুল হক( ৪৫), হাফিজুল (৫০), কাউছার আলী (৩৭), পাতান আলী (৪৫), সোহেল (১৯) । আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হলে কাফিরুল , বুদু ও সামসুলের অবস্থা গুরতর হওয়ায় তাদের কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।



আহত কাফিরুল ইসলাম জানান, দীর্ঘ দিন যাবৎ তাদের ক্রয়কৃত ৬৭ শতক শরীকানা জমি নিয়ে বিরোধ চলে আসছিল তাদের মধ্যে। জমি রাজনৈতিক প্রভাব দেখিয়ে জবরদখল করে রাখে প্রতিপক্ষরা। এঘটনায় আমরা গত সোমবার গাংনী থানায় একটি লিখিত অভিযোগ করলে গাংনী থানা পুলিশ উভয় পক্ষের কাগজ পত্র দেখে আমাদের পক্ষে রায় দেয়। পরে প্রতিপক্ষরা এক মাসের মধ্যে জমি ছেড়ে দেওয়ার কথা বলে। বিরোধপূর্ণ ওই জমিতে তারা চাষ করতে গেলে আমরা বাধাঁ দিই। এসময় তাদের লোকজনের মধ্যে তেঁতুলবাড়ীয়া গ্রামের হজরত আলীর নেতৃত্বে সোনা, মঙ্গল, সোনাতন আলীর ছেলে আজগর আলী, তাহের আলী, মহন আলীর ছেলে আসাদুল ইসলাম, মৃত জানবার আলীর ছেলে ভাদু, পাতান আলী,

মনোরদ্দিন রামদা, লাঠি সোটা নিয়ে জবর দখল করতে যায়। কথাকাটির এক পর্যায়ে হজরত আলীর দলবল বাড়ীতে হামলা চালায়।

তবে অভিযুক্ত হযরত আলীর লোকজন অন্যত্র চিকি]সা নেওয়ায় তাদের বক্তব্য পাওয়া যায়নি।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, সংঘর্ষের খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। আহতরা গাংনী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এখনও কোন পক্ষ অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

আমঝুপিতে শিক্ষা বাজেট বিষয়ক মতবিনিময় সভা

শিক্ষা বাজেট বিষয়ক মতবিনিময় সভার আয়োজন করা হয়।মঙ্গলবার সকালে আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র মউক এর হলরুমে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার শিক্ষা অফিসার মোঃ মাহফুজুল হোসেন, মজিব নগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ বেলায়েত হোসেন, ২নং বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহজামান, আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম।

এ সময় স্বাগত বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র মাউক এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম। শিক্ষা বাজেট বিষয়ক আলোচনা পত্র উপস্থাপন করেন গনক্ষারতা অভিযান এর উপ-কার্যক্রম ব্যবস্থাপক মোঃ আব্দুর রউফ।
এ সময় শিক্ষা বাজেট নিয়ে বিভিন্ন স্কুলের শিক্ষকরা বিভিন্ন দিক তুলে ধরেন।

মেহেরপুরে স্মারকপত্র ‘সুবর্ণরেখা’র মোড়ক উন্মোচন

মেহেরপুর সরকারি কলেজের উদ্যোগে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে স্মারকপত্র ‘সুবর্ণরেখা’র মোড়ক উন্মোচন করা হয়।

মঙ্গলবার সকালে মেহেরপুর সরকারি কলেজ মিলনায়তনে মোড়ক উন্মোচনের অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপাধ্যক্ষ অধ্যাপক আবদুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন কলেজের অধ্যক্ষ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য প্রফেসর শফিউল ইসলাম সরদার।

বক্তব্য দেন সুবর্ণরেখা স্মারকপত্রের সম্পাদক সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন, সহযোগী খুরশিদ আলম, খসরু ইসলাম, কাবিল উদ্দিন, ফুয়াদ খান, সহকারি অধ্যাপক মঈনুল ইসলাম, কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন আহমেদ প্রমুখ।

কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় “শহীদ বুদ্ধিজীবী দিবস” পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে মঙ্গলবার সকালে উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়। শুরুতে শহীদদের প্রতি সম্মান জানিয়ে এক মিনিট নিরবতা পালন

করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি। বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম ও কৃষি সম্প্রসারণ অফিসার হুমায়ন কবিরের সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন, থানার অফিসার ইন্চার্জ মঈন উদ্দিন, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম প্রমূখ।